দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 1 JUL 1989 ...
পৃষ্ঠা... ... কলাম ৮ ...

57

ছাত্র লীগ (হা-অ) বনাম জাতীয়তাবাদী ছাত্র দল

# রাঙ্গুনিয়া ইঞ্জিনিয়ারিং কলেজে সংঘর্ষ ৩০ আহত নিখোঁজ ৪

।। চট্টগ্রাম ব্যুরো ।।

৩০ জুন।— গতরাত বারোটা থেকে আজ দুপুর বারোটা পর্যন্ত চট্টগ্রামের রাঙ্গুনিয়াস্থ ইঞ্জিনিয়ারিং কলেজে ছাত্র লীগ (হা-অ) ও বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্র দল কর্মীদের মধ্যে কয়েক দফা সংঘর্ষে ছাত্র দলের ২০ জনসহ উভয় পক্ষে ৩০ জন আহত হয়েছে। সংঘর্ষ চলাকালে ছাত্র দলের ৪ জন কর্মী নিখোঁজ হয়ে যায়। আহতদের মধ্যে ছাত্র দল কর্মী আফজাল হোসেন (সবুজ), মোহাম্মদ শাহনেওয়াজ ও জাহাঙ্গীর আলম গুরুতর অবস্থায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। এদের মধ্যে আফজাল হোসেন (সবুজ)-এর অবস্থা আশংকাজনক বলে জানা গেছে। গত রাত ১২টায় প্রথম সংঘর্ষ বাঁধে। দ্বিতীয় দফা সংঘর্ষ হয় আজ সকাল ৭টায় এবং আজ দুপুর ১২টায় তৃতীয় দফা সংঘর্ষ

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## সংঘর্ষ

প্রথম পৃষ্ঠার পর

বাঁধে। সংঘর্ষে একে অন্যের প্রতি লাঠিসোঁটা, হকিস্টিক ও বন্দুক নিয়ে হামলা চালায়। ছাত্র দলের পক্ষ থেকে অভিযোগ করা হয় যে, ছাত্র লীগ নামধারী কিছু সংখ্যক বহিরাগত সন্ত্রাসবাদী গত রাতে কলেজ শাখার সভাপতি ও কলেজ ছাত্র সংসদের সহ-সভাপতির কক্ষে সশস্ত্র হামলা চালালে সংঘর্ষের সূত্রপাত হয়। এদিকে আজ রাতে ইঞ্জিনিয়ারিং কলেজের একটি দায়িত্বশীল সূত্র এবং চট্টগ্রাম জেলা পুলিশ জানায়, গতরাত ১২টায় প্রথম সংঘর্ষে ছাত্র দলের ২ জন কর্মী আহত হয় এবং সকাল ৭টায় দ্বিতীয় দফা সংঘর্ষে ছাত্র লীগের একজন এবং দুপুর ১২টায় তৃতীয় দফা সংঘর্ষে ছাত্র দলের ১২ জন কর্মী আহত হয়। পুলিশও জানায় যে, ছাত্র দল কর্মী আফজাল হোসেনের জখম গুরুতর।

জাতীয়তাবাদী ছাত্র দল ইঞ্জিনিয়ারিং কলেজ শাখা, চট্টগ্রাম উত্তর জেলা ছাত্র দল এবং চট্টগ্রাম উত্র-দক্ষিণ ও মহানগরী বিএনপি'র নেতৃবৃন্দ ঘটনার তীব্র নিন্দা করে দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করেছেন।